দৈনিক ইনকিলাব

তারিখ JUL 22 1999
পৃষ্ঠা ৩ কলাম ৬

03

# হোমিওপ্যাথিক মেডিক্যাল হাসপাতাল প্রতিষ্ঠার দাবী

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ ডিএইচএমএস চিকিৎসক সমিতির এক সভা সমিতির সভাপতি ডাঃ মোঃ নূরুল হকের সভাপতিত্বে ১৭-৭-৯৯ ইং তারিখে সমিতির প্রধান কার্যালয় ৮২/৩ শহীদ ফারুক সড়ক (২য় তলায়) অনুষ্ঠিত হয়। সভায় হোমিওপ্যাথিক চিকিৎসার প্রসার ও প্রচারকল্পে বক্তব্য রাখেন যথাক্রমে মহাসচিব ডাঃ এম এ জব্বার হোসেন, সিনিয়র সহ-সভাপতি ডাঃ মোঃ আব্দুর রশিদ খলিফা, সাংগঠনিক সম্পাদক ডাঃ আনোয়ার উদ্দিন খান এবং কেন্দ্রীয় সদস্য ডাঃ মোঃ রফিকুল ইসলাম আকন্দ।

সমিতির মহাসচিব ডাঃ এম এ জব্বার হোসেন বলেন, এইচপিএসপি প্রোগ্রামে সরকারের গৃহীত সিদ্ধান্তে সরকারী হাসপাতালসমূহে কোন বিকল্প হোমিও চিকিৎসক হিসেবে নিয়োগ নয় বরং স্বতন্ত্র হাসপাতাল হিসেবে "হোমিওপ্যাথিক মেডিক্যাল হাসপাতাল" প্রতিষ্ঠা করে সেখানে ডিএইচএমএস চিকিৎসকদের নিয়োগের ব্যবস্থা করতে হবে। তিনি বলেন, বেশী দূরে নয় প্রতিবেশী রাষ্ট্র ভারতে স্বতন্ত্র হোমিওপ্যাথিক মেডিক্যাল হাসপাতাল আছে এবং হাজার হাজার রোগী সেখানে চিকিৎসা সুবিধা গ্রহণ করছে। কাজেই আমাদের দেশে আত্মপীড়িত জনসাধারণের চিকিৎসা সেবার জন্য আলাদাভাবে হোমিওপ্যাথিক মেডিক্যাল হাসপাতাল একান্ত আবশ্যক।

সমিতির সিনিয়র সহ-সভাপতি ডাঃ মোঃ আব্দুর রশিদ খলিফা বলেন, ডিএইচএমএস কোর্স ৪ বছর এবং ইন্টার্নী শেষ করতে ১ বৎসর মোট পাঁচ বছর সময় লাগে। কাজেই একে ডিপ্লোমা বলা যায় না। তিনি ডিএইচএমএস কোর্সকে সংশোধন করে ডিএইচএমএস কোর্সে আখ্যায়িত করার জন্য সরকারের প্রতি দাবী জানান।